

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৪০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে কিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِي الصَّلَاةِ

আরবী

وَعَنِ النَّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الْعِيدَيْنِ وَغِي الْجُمُعَةِ بِ (سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى)
و (هَل أَتَاك حَدِيث الغاشية)
قالَ: وَإِذَا اجْتَمَعَ الْعِيدُ وَالْجُمُعَةُ فِي يَوْمٍ وَاحِدٍ قَرَأً بِهِمَا فِي الصَّلَاتَيْنِ. رَوَاهُ مُسلم

বাংলা

৮৪০-[১৯] নু'মান ইবনু বাশীর (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' ঈদে ও জুমু'আর সালাতে সূরাহ্ ''সাবিবহিসমা রবিবকাল আ'লা-'' (সূরাহ্ আল আ'লা-) ও ''হাল আতা-কা হাদীসুল গ-শিয়াহ্'' (সূরাহ্ আল গ-শিয়াহ্) তিলাওয়াত করতেন। আর ঈদ ও জুমু'আহ্ একদিনে হলে, এ দু'টি সূরাহ্ তিনি দু' সালাতেই পড়তেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৭৮, আবূ দাউদ ১১২২, নাসায়ী ১৪২৪, তিরমিয়ী ৫৩৩, ইবনু মাজাহ্ ১২৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَقْرَأُ فِي الْعِيدَيْنِ وَفِي الْجُمُعَةِ بِسَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى وَهَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِية) "রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' ঈদের সালাতে এবং জুমু'আর সালাতে "সাবিবহিসমা রব্বিকাল আ'লা-" এবং "হাল আতা-কা হাদীসুল গ-শিয়াহ্" সূরাহদ্বয় পাঠ করতেন।" অর্থাৎ- প্রথম রাক্'আতে সূরাহ্ আল আ'লা- এবং দ্বিতীয় রাক্'আতে সূরাহ্ আল গ-শিয়াহ্ পাঠ করতেন।

অত্র অধ্যায়ের হাদীসগুলো দ্বারা এটা সাব্যস্ত হলো যে, ইমামের জন্য সুন্নাত পদ্ধতি এই যে, তিনি জুমু'আর



সালাতে প্রথম রাক্'আতে সূরাহ্ আল জুমু'আহ্ এবং দ্বিতীয় রাক্'আতে সূরাহ্ আল মুনা-ফিকূন অথবা প্রথম রাক্'আতে সূরাহ্ আণলা এবং দ্বিতীয় রাক্'আতে সূরাহ্ আল গ-শিয়াহ্ পাঠ করবেন। এটাই জমহূর 'উলামাগণের অভিমত। ইমাম আবূ হানীফাহ্ এবং তার অনুসারীগণ বলেন যে, ঈদে এবং জুমু'আর সালাতে ইমাম সাহেব সূরাহ্ আল ফাতিহাহ্ পাঠ করার পর যে কোন সূরাহ্ স্বীয় ইচ্ছানুযায়ী পাঠ করবেন। যদি অধিকাংশ সময় রসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর অনুসরণে এ সূরাহগুলো পাঠ করেন তবে তা ভাল। কিন্তু সর্বদাই শুধু এ সূরাহগুলো পাঠ করবেন না বরং কোন কোন সময় অন্যান্য সূরাহ্ও পাঠ করবেন। যাতে অন্যান্য সূরাহ্ পাঠ করা পরিত্যাগ করা লাযিম না হয়ে যায় এবং সাধারণ জনগণ মনে না করেন যে, ঈদের সালাতে এবং জুমু'আর সালাতে শুধুমাত্র এ সূরাহগুলোই পাঠ করতে হয়। অর্থাৎ- তাদের মতে ঈদ ও জুমু'আর সালাতে এ সূরাহগুলো পাঠ করা সুন্নাত নয়। তবে জমহূরের অভিমতই সঠিক। কেননা নাবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে এ সম্পর্কে অনেক হাদীস বর্ণিত হয়েছে।

ইবনু রুশদ এবং ইবনু 'আবদুল বার (রহঃ) বলেনঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অত্র অধ্যায়ে বর্ণিত সূরাহ্ ব্যতীত ঈদে ও জুমু'আতে অন্য সূরাহ্ পাঠ করেছেন বলে কোন প্রমাণ নেই। অতএব এ সূরাহগুলো পাঠ করাই সুন্নাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

这 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন